# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

### সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ ইউরোপ মহাদেশের বিভিন্ন দেশের মধ্যে শান্তিচুক্তি ফলে ইউরোপীয়রা ভারতবর্ষে আসতে শুরু করে। তবে 'ক' শক্তির সাথে 'খ' শক্তির খণ্ডযুদ্ধ হয় এবং 'খ' শক্তি এক ঢিলে দুই পাখি মারার সুযোগ নেয়।

ক. কত সালে চিরস্থায়ী বন্দোবস্ত চালু করা হয়? ১

খ. দ্বৈত শাসন বলতে কী বোঝায়? ২

গ. শান্তিচুক্তির পরে কেন ইউরোপীয়রা ভারতবর্ষে আসতে শুরু করেছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'খ' শক্তি ভারতবর্ষে এক ঢিলে দুই পাখি মারার সুযোগ নিয়েছিল— বিশ্লেষণ করো। ৪

২. ▶

| ছক—১ | ছক—২ |
|---|---|
| কলকাতা মাদরাসা<br>সংস্কৃত কলেজ<br>কলকাতা বিশ্ববিদ্যালয় | ১৮৫৮ সাল<br>১৮৬১ সাল |

ক. 'শুধুমাত্র কাশিমবাজারে ২২ হাজার বেল সিল্ক উৎপাদিত হত'— উক্তিটি কার? ১

খ. ইকলিম ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. ছক—১ এর মূল কারণ ব্রিটিশদের অনুগত শিক্ষিত শ্রেণি তৈরি করা— ব্যাখ্যা করো। ৩

ঘ. ছক—২ ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসন অবসানের ইঙ্গিত দেয়— বিশ্লেষণ করো। ৪


৩. ▶

| শিল্প | উপাদান |
|---|---|
| A | বাউল, কীর্তন, ভাওয়াইয়া, গম্ভীরা |
| B | টেরাকোটা, পত্রোর্ণ, এলাচি, হামাম |

https://teachingbd24.com

ক. বাঙালির প্রথম সাহিত্য কী নামে পরিচিত? ১
খ. সংস্কৃতি বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. A দ্বারা কোন শিল্পকর্মকে বোঝানো হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের B শিল্পটি বাঙালির সৃজনশীল মনের বিকাশ ঘটিয়েছে— বিশ্লেষণ করো। ৪

৪. ★




ক. শিশুর শিক্ষার প্রথম মাধ্যম কোনটি? ১
খ. অঙ্গীভূতকরণ বলতে কী বোঝায়? ২
গ. সবচেয়ে শক্তিশালী ও জনপ্রিয় গণমাধ্যম কোনটি এবং কেন? ৩
ঘ. (ii) নং মাধ্যমটি সমাজে ইতিবাচক ও নেতিবাচক প্রভাব ফেলে— বিশ্লেষণ করো। ৪

৫.▶ 'ক' দেশে অভ্যন্তরীণ বার্ষিক আয়ের পরিমাণ ২০,০০০ কোটি মার্কিন ডলার। ঐ বছর দেশটির প্রবাসী নাগরিকদের পাঠানো রেমিটেন্স ১০,০০০ কোটি মার্কিন ডলার। দেশটির বর্তমান জনসংখ্যা ১৫ কোটি। প্রবাসীদের এই রেমিটেন্স জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

ক. বাংলাদেশের মানুষের প্রত্যাশিত আয়ুস্কাল কত? ১
খ. মানবসম্পদ উন্নয়ন বলতে কী বোঝায়? ২
গ. প্রবাসীদের উল্লিখিত দেশটির জনগণের মাথাপিছু আয় নির্ণয়সহ পদ্ধতিটি ব্যাখ্যা করো। ৩
ঘ. প্রবাসীদের পাঠানো রেমিটেন্স অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে— বিশ্লেষণ করো। ৪

৬. ★ রহমান সাহেব তার এলাকার খাজনা ও কর আদায়, শান্তিরক্ষা এছাড়াও বহুবিধ কাজ করার জন্য দায়িত্বপ্রাপ্ত একজন ব্যক্তি। রহমান সাহেবের মত সারাদেশে আরও অনেক ব্যক্তি একই কাজ করেন। তাদের সঠিক কাজ দেশের সুষম অর্থনৈতিক উন্নয়নে সহায়তা করে।

teachingbd24.com

ক. বাংলাদেশে কয়টি সিটি কর্পোরেশন আছে? ১
খ. ধর্ম নিরপেক্ষতা বলতে কী বোঝায়? ২
গ. রহমান সাহেবের মত ব্যক্তিরা সরকারের কোন প্রতিষ্ঠানে কাজ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত ব্যক্তির কাজ দেশের সুষম উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করে— বিশ্লেষণ করো। ৪

৭.▶




Teachingbd24.com

ক. ওজোন স্তর কত কিলোমিটার পর্যন্ত বিস্তৃত? ১
খ. বন উজারকরণ পরিবেশ দূষণের সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ কারণ— উক্তিটি ব্যাখ্যা করো। ২
গ. 'ক' অঞ্চলে সংঘটিত প্রাকৃতিক দুর্যোগ কীভাবে প্রকৃতির ভারসাম্য নষ্ট করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'ক' ও 'খ' অঞ্চলে কী ধরনের দুর্যোগ সংঘটিত হয়? দুর্যোগ পরবর্তী সময়ে কী পদক্ষেপ নেওয়া উচিত বলে তুমি মনে কর। ৪

৮.▶ দৃশ্যপট—১: ২০০১ সালের ৮ই সেপ্টেম্বরের সন্ধ্যায় বাংলাদেশে ভূমিকম্প সংঘটিত হয়। ভূমিকম্পের পরপরই আতঙ্কগ্রস্ত লোকজন ভবন থেকে রাস্তায় নামে।

দৃশ্যপট—২: ইন্দোনেশিয়ার সুমাত্রা দ্বীপে শোকাহত অবস্থা বিরাজ করছে। কারণ সুনামির আঘাতে দ্বীপটিতে প্রাণীসহ অসংখ্য মানুষের প্রাণহানি ঘটেছে।

ক. জলবায়ু পরিবর্তনের একটি প্রধান কারণ উল্লেখ করো। ১

খ. ওজোন স্তরের অবস্থান ও বৈশিষ্ট্য বর্ণনা দাও। ২

গ. দৃশ্যপট—১-এ ঘটে যাওয়া দুর্যোগ মোকাবিলায় কী কী পদক্ষেপ নেওয়া প্রয়োজন ছিল? বর্ণনা করো। ৩

ঘ. তোমার পাঠ্যবইয়ে বর্ণিত কোন দুর্যোগটি দৃশ্যপট—২-এর অনুরূপ? আলোচনা করো। ৪

৯. ▶ পৃথিবীর জনবহুল দেশের মধ্যে বাংলাদেশ অন্যতম। অতিরিক্ত জনসংখ্যার কারণে দেশের জনগণের মাথাপিছু আয় খুবই কম। তবে সরকারি বেসরকারি সর্বোপরি সকলের সম্মিলিত প্রচেষ্টায় এদেশের জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করা সম্ভব।

ক. জনসংখ্যানীতি বলতে কী বোঝ? ১

খ. জনসংখ্যা ও উন্নয়ন পরস্পর সম্পর্কিত—ব্যাখ্যা করো। ২

গ. বাংলাদেশের জনসংখ্যা নিয়ন্ত্রণে সরকারের গৃহীত পদক্ষেপসমূহ বর্ণনা করো। ৩

ঘ. 'সরকারি, বেসরকারি ও সকলের সম্মিলিত প্রচেষ্টায় এদেশের জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করা সম্ভব'— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

১০. ★ সাকিল পর পর দুইবার পরীক্ষা দিয়েও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাস করতে না পেরে পড়াশোনা ছেড়ে দেয়। এর পর খারাপ বন্ধু-বান্ধবের পাল্লায় পড়ে নেশাগ্রস্ত হয়ে পড়ে। টাকার জন্য মায়ের গহনা চুরি করে। অবশেষে মা তাকে মাদকসক্তি নির্মূল ক্লিনিকে ভর্তি করিয়ে দিয়ে কিছুটা স্বস্তি লাভ করে।

ক. কিশোর অপরাধ কী? ১

খ. 'মাদককে না বলুন'— ব্যাখ্যা করো। ২

গ. সাকিলের মত কিশোরদের মাদকাসক্তি সমাজজীবনে ভয়াবহ প্রভাব ফেলতে পারে— যুক্তিসহ ব্যাখ্যা করো। ৩

ঘ. মাদকদ্রব্য সেবন থেকে বিরত থাকার উপায়সমূহ আলোচনা করো। ৪

১১. ▶

| সংস্থা | প্রতিষ্ঠান কাল | সদর দফতর |
|---|---|---|
| 'ক' | ১৯৬৯ সাল | নিউইয়র্ক |
| 'খ' | ১৯৪৬ সাল | প্যারিস |

ক. UNDP-এর সদর দফতর কোথায় অবস্থিত? ১

খ. UNICEF-এর কার্যক্রম বর্ণনা করো। ২

গ. বাংলাদেশে 'খ' সংস্থাটির ভূমিকা আলোচনা করো। ৩

ঘ. 'ক' সংস্থাটির কার্যাবলি বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : 1 5 0

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ কার মাধ্যমে বাংলায় তুর্কি সুলতানদের শাসনের পথ প্রশস্ত হয়েছিল?
ক বখতিয়ার খলজি
খ ফখরউদ্দিন মুবারক শাহ
গ হুমায়ুন
ঘ ঈশা খাঁ

২. কলকাতা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বছরে ভারত উপমহাদেশে উল্লেখযোগ্য কোন ঘটনাটি ঘটেছিল?
ক দ্বৈত শাসন
খ চিরস্থায়ী বন্দোবস্ত
গ ইজারাদারি প্রথা
ঘ সিপাহি বিদ্রোহ

৩. ১৯৪৬ সালে কোথায় দাঙ্গা হয়েছিল?
ক নোয়াখালী
খ বরিশাল
গ কুমিল্লা
ঘ গোপালগঞ্জ

৪. ★ নিচের কোনটি সঠিক?
ক গুপ্ত → মৌর্য → সেন → পাল
খ মৌর্য → গুপ্ত → সেন → পাল
গ মৌর্য → গুপ্ত → পাল → সেন
ঘ গুপ্ত → মৌর্য → পাল → সেন

নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:
রহিমা একটি পোড়ামাটির মন্দির দেখে। মন্দিরটিতে একটি বিশেষ কাহিনী ফুটিয়ে তোলা হয়েছে।

৫. রহিমার দেখা মন্দিরটি কোথায় অবস্থিত?
ক ঢাকা
খ চট্টগ্রাম
গ দিনাজপুর
ঘ পাহাড়পুর

৬. উক্ত মন্দিরটিতে কোন কাহিনী ফুটিয়ে তোলা হয়েছে?
ক মহাভারতের
খ রামায়ণের
গ চর্যাপদের
ঘ মঙ্গলকাব্যের

৭. ঘনরাম রচিত কাব্য কাহিনী কোনটি?
ক চণ্ডীমঙ্গল
খ ধর্মমঙ্গল
গ অন্নদা মঙ্গল
ঘ মনসামঙ্গল

৮. কীর্তন গান রচনায় মুসলমান কবিগণও অংশগ্রহণ করেছিলেন কেননা সুলতানি আমলে—
i. হিন্দু-মুসলমানদের সম্পর্ক ছিল ঘনিষ্ঠ
ii. শ্রীচৈতন্যের বৈষ্ণব ভাবধারার প্রভাব ছিল ব্যাপক
iii. এটি বাঙালির প্রথম সাহিত্য কর্ম ছিল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

৯. শিশুর সামাজিকীকরণের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে কোনটি?
ক শিক্ষা প্রতিষ্ঠান
খ সমবয়সী সঙ্গী
গ গণমাধ্যম
ঘ স্থানীয় সমাজ

১০. ★ অভিভাবন প্রক্রিয়ার মাধ্যমে চেষ্টা করা হয়—
i. নিজের ধ্যান-ধারণাকে অন্যের মধ্যে প্রবিষ্ট করানো
ii. অন্যের আচরণ ও কাজ কর্মকে নিজের ইচ্ছা অনুসারে পরিচালিত করা
iii. নিজে স্বাধীনভাবে কাজকর্ম করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ ii ও iii
গ i ও iii
ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:




১১. X চিত্রে কোন ধারণার প্রতিফলন ঘটেছে?
ক রেমিটেন্স
খ যুব উন্নয়ন
গ মানবসম্পদ উন্নয়ন
ঘ জনশক্তি রপ্তানি

১২. চিত্রে নির্দেশিত উপায়টির অনুপস্থিতিতে—
i. কর্মসংস্থান কমে
ii. সঞ্চয় কমে
iii. বিনিয়োগ হ্রাস পায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

১৩. বিশ্বব্যাংকের হিসাব মতে বিশ্বের সর্বোচ্চ রেমিটেন্স প্রাপ্ত দেশের মধ্যে কত সালে বাংলাদেশের অবস্থান ১২তম ছিল?
ক ২০০৮
খ ২০০৯
গ ২০১০
ঘ ২০১২

১৪. বাংলাদেশে সংবিধান প্রণীত হয়—
ক ১৯৭১ সালের নভেম্বরে
খ ১৯৭২ সালের ডিসেম্বর
গ ১৯৭১ সালের ডিসেম্বর
ঘ ১৯৭২ সালের নভেম্বরে

১৫. ★ বাংলাদেশের প্রধান বিচারপতিকে কে নিয়োগ দেন?
ক প্রধানমন্ত্রী
খ রাষ্ট্রপতি
গ স্পিকার
ঘ স্বরাষ্ট্রমন্ত্রী

১৬. বায়ুর মূল উপাদান হলো—
ক অক্সিজেন ও মিথেন
খ অক্সিজেন ও কার্বন ডাইঅক্সাইড
গ নাইট্রোজেন ও কার্বন ডাইঅক্সাইড
ঘ নাইট্রোজেন ও অক্সিজেন

https://teachingbd24.com


১৭. ভূ-পৃষ্ঠের নিকটতম স্তর কোনটি?
ক) ট্রপোস্ফিয়ার খ) মেসোমণ্ডল
গ) তাপমণ্ডল ঘ) ওজোন স্তর

১৮. ★




চিত্রের A চিহ্নিত স্থানে কী বসবে?
ক) প্রাকৃতিক দুর্যোগ
খ) মানবসৃষ্ট দুর্যোগ
গ) মানুষের কর্মকাণ্ডের ফল
ঘ) অগ্ন্যুৎপাত

**নিচের ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**




১৯. সিডর ও আইলা বাংলাদেশের কোন অঞ্চলে সংঘটিত হয়?
ক) A অঞ্চলে খ) B অঞ্চলে
গ) C অঞ্চলে ঘ) D অঞ্চলে

২০. A অঞ্চলে সংঘটিত প্রাকৃতিক দুর্যোগ হলো—
i. বন্যা
ii. খরা
iii. জলোচ্ছ্বাস
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২১. কত নং বিপদ সংকেত শুনলে আশ্রয়কেন্দ্রে যেতে হবে?
ক) ৩ খ) ৪
গ) ৫ ঘ) ২

২২. সরকার প্রাথমিক ও গণশিক্ষাকে অগ্রাধিকার দিয়েছে কেন?
ক) নিরক্ষরতা দূরীকরণের জন্য
খ) উচ্চ শিক্ষার হার বৃদ্ধির জন্য
গ) মাথাপিছু আয় বৃদ্ধির জন্য
ঘ) স্বাস্থ্য রক্ষার জন্য

২৩. কত তারিখে বাংলাদেশে জনসংখ্যা দিবস পালন করা হয়?
ক) ২ জানুয়ারি খ) ২ ফেব্রুয়ারি
গ) ২ মার্চ ঘ) ২ এপ্রিল

২৪. রহিমা ৬ষ্ঠ শ্রেণিতে পড়ে। সে ২০০ টাকা হারে উপবৃত্তি পায়। সে কোন শ্রেণি পর্যন্ত এ উপবৃত্তি পাবে?
ক) দ্বাদশ খ) দশম
গ) অষ্টম ঘ) পঞ্চম

২৫. বাংলাদেশে কিশোর অপরাধের অন্যতম কারণ কোনটি?
ক) অসৎসঙ্গ খ) দারিদ্র্য
গ) শিক্ষার অভাব ঘ) চিত্তবিনোদনের অভাব

২৬. মাদকমুক্ত সমাজ গঠনে দরকার—
i. গণ সচেতনতা
ii. কর্মের আইন
iii. নেশাজাতীয় দ্রব্যের উৎপাদন বন্ধ করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:**
সুমিত মা-বাবার একমাত্র সন্তান। সে ৮ম শ্রেণিতে পড়ে। ইদানিং তার আচরণে পরিবর্তন দেখা যাচ্ছে। সে বাবার পকেট থেকে সিগারেট চুরি করে আর স্কুলে না গিয়ে লুকিয়ে লুকিয়ে সিগারেট খায়। টাকার জন্য প্রায়শই মাকে উত্ত্যক্ত করে।

২৭. সুমিতের আচরণে কী প্রকাশ পেয়েছে?
ক) মূল্যবোধের অবক্ষয় খ) হতাশা
গ) মাদকাসক্তি ঘ) সংস্কৃতির অপব্যবহার

২৮. সুমিতের আচরণের ফলে—
i. বিভিন্ন শারীরিক সমস্যা দেখা দিবে
ii. মানসিক স্বাস্থ্যের তেমন পরিবর্তন হবে না
iii. সমাজজীবনে বিশৃঙ্খলা সৃষ্টি হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৯. UNDP-র সদরদপ্তর কোথায় অবস্থিত?
ক) নিউইয়র্ক খ) প্যারিস
গ) লন্ডন ঘ) কানাডা

৩০. বাংলাদেশ বিশ্ব স্বাস্থ্য সংস্থায় অবদান রাখছে—
i. মাতৃ ও শিশু মৃত্যুহার হ্রাসে
ii. কলেরা ও ডায়রিয়া নিয়ন্ত্রণে
iii. বিশুদ্ধ পানির ব্যবস্থা নিশ্চিতকরণে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ঘ | ৩ | ক | ৪ | গ | ৫ | গ | ৬ | খ | ৭ | খ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ক | ১১ | গ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | খ |
| ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | গ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | খ |

Teachingbd24.com